

“মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা”।

অতিব জরুরি
হজ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা


নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৭-৫০৬

তারিখ : ১৫.০৫.২০১৮খ্রি.

বিষয় : ১৪৩৯ হিজরি/২০১৮ খ্রি. সনের বেসরকারি হজযাত্রীদের গাইড নিবন্ধন কার্য সম্পাদনের লক্ষ্যে অর্থ জমা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের গত ০৮.০৫.২০১৮ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৭.৪৭৩ নং স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, বেসরকারি ব্যবস্থাপনায় ১৪৩৯ হিজরি/২০১৮ খ্রিঃ সনে হজযাত্রী প্রেরণকারী হজ এজেন্সির মনোনীত (সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক) গাইডদের নিবন্ধন কার্য সম্পাদনের লক্ষ্যে হজ প্যাকেজ ১৪৩৯ হিজরি/২০১৮ খ্রি. এর ৩.২ অনুচ্ছেদ অনুযায়ী জনপ্রতি ৪,৫৩০/- (চার হাজার পাঁচশত ত্রিশ) টাকা করে আগামী ২০/০৫/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সোনালী ব্যাংক লিঃ, লোকাল অফিস, ঢাকা এর হিসাব নং-০০০২৬৩৩০৭৪৫৪৬ জমা গ্রহণের জন্য নির্দেশক্রমে সময় বর্ধিত করা হলো। উল্লেখ্য যে, প্রাক নিবন্ধিত কোন ব্যক্তি হজগাইড হিসেবে নিয়োগ প্রাপ্ত হলেও তাকে উল্লিখিত পরিমাণ অর্থ জমা প্রদান করতে হবে। এছাড়াও নিবন্ধনের জন্য এককালীন বিমান ভাড়া বাবদ হজগাইড প্রতি ন্যূনতম ১,৩৮,১৯১ (এক লক্ষ আটত্রিশ হাজার একশত একানব্বই) টাকা ও অন্যান্য খরচও বর্নিত তারিখের মধ্যে এজেন্সির স্ব-স্ব ব্যাংক একাউন্টে (নির্ধারিত ২৮টি ব্যাংকে) জমা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। হজগাইডের বিমানভাড়া বাবদ জমাকৃত অর্থ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ/সৌদি এয়ারবিয়ান এয়ারলাইন্স এর অনুকূলে প্রেরণ ছাড়া কোন এজেন্সি বা অন্য কোন প্রতিষ্ঠানকে প্রদান করা যাবে না।

০২। বিষয়টি জরুরী।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)
ফোন : ৯৫৮৪৩২২।
morahajsection@gmail.com


স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক (২০১৮ সালে হজ কার্যক্রমে অংশগ্রহণকারী ৫২৮টি এজেন্সি)

নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৭-৫০৬

তারিখ : ১৫.০৫.২০১৮খ্রি.

অনুলিপি : প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৩. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা (সংশ্লিষ্ট ব্যাংকে টাকা জমার রশিদ প্রাপ্তি সাপেক্ষে বেসরকারি এজেন্সির গাইডদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করত: জরুরি ভিত্তিতে এ মন্ত্রণালয়কে অবহিত করার অনুরোধসহ)।
৪. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. ব্যবস্থাপনা পরিচালক, ব্যাংক লিঃ, ঢাকা (২০১৮ সালের জন্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ২৮ টি ব্যাংক)।
৬. মহা-ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকা।
৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০, নয়া পল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সিকে এ বিষয়ে কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, কাওরান বাজার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)।